## কুণ্ডুর ইন্ট্রোভারশন – এক্সট্রোভারশন ইনভেন্টরি ( Kundu's Introversion Extroversion Inventory )

### ধারণা ( Concept ):

Kundu's Introversion Extroversion Inventory স্কেলটির প্রবক্তা হলেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান শাখার প্রাক্তন অধ্যাপক ড. রমানাথ কুণ্ডু । ব্যক্তিরা সাধারণত তাঁদের পছন্দ , অপছন্দ , ব্যক্তিত্ব এবং অভ্যাসের ক্ষেত্রে পৃথক হয় । তিনি ব্যক্তির পছন্দ , অপছন্দ , ব্যক্তিত্ব এবং অভ্যাসের ক্ষেত্রে ইত্যাদি গুণাবলিগুলি পরিমাপ করার জন্য যে স্কেলটি তৈরি করেছিলেন তার নাম দিয়েছিলেন Kundu Introversion Extroversion Inventory ।এই স্কেলটি তৈরি করার প্রধান উদ্দেশ্য ছিল শুধুমাত্র ব্যক্তির অভ্যাস বা পছন্দ ও অপছন্দের বিষয় চিহ্নিত করা নয় , পাশাপাশি ব্যক্তির ব্যক্তিত্বের টাইপ সম্পর্কে সঠিক ধারণা গঠন করা । তিনি ব্যক্তিত্বের টাইপ পরিমাপ করার জন্য যে প্রশ্নগুচ্ছ বা ইনভেন্টরি ব্যবহার করেছিলেন সেখানে যে প্রশ্নগুলি উল্লেখ করেছিলেন সেগুলি শুধুমাত্র প্রশ্ন ছিল না । কারণ এখানে উল্লেখিত প্রশ্নগুলির কোনো সঠিক বা ভুল উত্তর নেই । একটি প্রশ্নের পক্ষে বিভিন্ন ব্যক্তি দ্বারা দেওয়া উত্তর পৃথক হতে পারে । তবে প্রতিটি প্রশ্নের ক্ষেত্রে বেশ কয়েকটি সম্ভাব্য উত্তর ( দুই বা ততোধিক ) দেওয়া হয়েছে । যার ব্যক্তিত্ব পরিমাপ করা হবে তাকে এই প্রশ্নগুলির মধ্যে দেওয়া প্রদত্ত উত্তরগুলির মধ্য থেকে সবচেয়ে পছন্দের বা উপযুক্ত উত্তর বেছে নিতে হবে । ব্যক্তি যে উত্তর পছন্দ করুক না কেন সেই উত্তর তার পক্ষে সঠিক হবে । তবে কিছু প্রশ্ন অদ্ভুত বা শিশুসুলভ ধরনের আছে যার উত্তর দেওয়া অনেক সময় ব্যক্তির কাছে হাস্যকর হতে পারে । তাই প্রশ্নগুলি খুব মনোযোগ সহকারে পড়ার মাধ্যমে ব্যক্তিদের উত্তর দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে ।

### প্রয়োগ ( Administration ):

এখানে প্রশ্নগুলিকে A , B , C , D ও E করে মোট পাঁচটি BLOCK- এর মাধ্যমে উপস্থাপন করা হয়েছে । প্রতিটি ক্ষেত্রে উত্তর দেওয়ার জন্য কিছু বক্সের ব্যবহার করা হয়েছে । এই প্রতিটি বক্সের ক্ষেত্রে কিছু নম্বর ধার্য করা আছে । ব্যক্তিরা তাদের পছন্দের উত্তরটি বক্সে টিক চিহ্ন দেওয়ার মাধ্যমে উল্লেখ করবে । এইভাবে সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়ে গেলে বক্সে দেওয়া টিক চিহ্নগুলির স্কোর বিবেচনা করে ব্যক্তির প্রাপ্ত মোট স্কোর দেখা হবে । প্রতিটি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কোনো নির্দিষ্ট সময় রাখা হয়নি । তবে 30 মিনিটের মধ্যে সবকটি প্রশ্নের

Scanned with CamScanner

উত্তর দিতে হবে । এটিও মনে রাখতে হবে । যে - কোনো প্রশ্নকে এড়িয়ে গেলে হবে না । ব্যক্তির সবকটি প্রশ্নের উত্তর দেওয়াবাধ্যতামূলক । এখানে উত্তরগুলি নির্দেশিত করা ছকের উদাহরণ উপস্থাপন করা হল ।

## BLOCK - A

এখানে ক্রমিক সংখ্যা 1 থেকে 11 পর্যন্ত মোট 11 টি প্রশ্ন রাখা হয়েছে । প্রশ্নগুলি ব্যক্তির পছন্দের সঙ্গে সম্পর্কিত । প্রত্যেকটি প্রশ্নের সাপেক্ষে চারটি করে উত্তর রাখা হয়েছে । ব্যক্তিকে তার পছন্দ মতন একটি উত্তর বিবেচনা করে উত্তরপত্রে উল্লেখিত বক্সে টিক চিহ্ন দিতে হবে ।

যেমন: Which one of the following four jobs you would like best as your profession ?

1. Laboratory research worker

2. Political leader

3. Military officer

4. Officer in a factory or office .

**DIRECTIONS :**

For each of the items 1 to 11, you will find 4 possible answers, only one of which you will have to choose so that it suits best in your case. Pick out the number of your chosen answer and put a tick (✓) mark in the appropriate box of the answer sheet against the corresponding question number.

1. Which one of the following four jobs you would like best as your profession ?
   (1) Laboratory research worker
   (2) Political leader
   (3) Military officer
   (4) Officer in a factory or office.

2. Which one of the following four types of pictures (cinemas) do you like to enjoy most ?
   (1) Picture of a battle
   (2) Picture of a comedy
   (3) Picture of grim tragedy
   (4) Picture of natural devastation.

3. To which one of the four types of persons do majority of your friends belong ?
   (1) Persons who love to spend money very much.
   (2) Persons who love to spend money but adjust it according to their earning.
   (3) Persons who love to save money but do spend where social prestige is involved.
   (4) Persons who love to save money very much.

4. Which one of the following four types of work do you like most ?
   (1) Completely repetitive work
   (2) Moderately repetitive work
   (3) Slightly repetitive work
   (4) Completely non-repetitive work.

5. Which one of the following four types of persons do you like most to have with you in a social gathering ?
   (1) Those who would initiate the spirit of laughing and talking in the function
   (2) Those who would not initiate but join others in laughing and talking to make the function lively.
   (3) Those who would laugh and talk only to keep friendly terms with others.
   (4) Those who would always prefer to be silent and observe other's activities.

6. Which one of the following four types of persons do you like most to have as your friends ?
   (1) Persons who will never do anything without planning

Scanned with CamScanner

## BLOCK A

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 2☐ | 1☐ | 1☐ | 4☐ | 1☐ | 4☐ | 1☐ | 1☐ | 1☐ | 4☐ | 4☐ | ☐ | ☐ |
| 3☐ | 2☐ | 2☐ | 3☐ | 2☐ | 3☐ | 2☐ | 2☐ | 2☐ | 3☐ | 3☐ | ☐ | ☐ |
| 4☐ | 4☐ | 3☐ | 2☐ | 3☐ | 2☐ | 3☐ | 3☐ | 3☐ | 2☐ | 2☐ | ☐ | ☐ |
| 1☐ | 3☐ | 4☐ | 1☐ | 4☐ | 1☐ | 4☐ | 4☐ | 4☐ | 1☐ | 1☐ | ☐ | ☐ |

## BLOCK - B

এখানে ক্রমিক সংখ্যা 12 থেকে 28 পর্যন্ত মোট 17 টি প্রশ্ন রাখা হয়েছে । প্রশ্নগুলি ব্যক্তির কিছু কার্যাবলির সঙ্গে সম্পর্কিত । যেমন Always keeping confidence in others | প্রত্যেকটি প্রশ্নের সাপেক্ষে পাঁচটি করে উত্তর রাখা হয়েছে । ব্যক্তিকে তার পছন্দ মতন একটি উত্তর বিবেচনা করে উত্তরপত্রে উল্লেখিত বক্সে টিক চিহ্ন দিতে হবে । এই পাঁচটি উত্তরের নমুনা উল্লেখ করা হল—

1. If you like the activity to a great extent , put a tick in the box 1 .
2. If you dislike the activity to a great extent , put a tick in the box 2 .
3. If you like the activity to some extent, put a tick in the box 3 .
4. If you dislike the activity to some extent, put a tick in the box 4 .
5. If you are more or less indifferent towards the activity, put a tick in the box 5 .

12. Always thinking about yourself.
13. Thinking much before accepting a new issue or an idea.
14. Starting conversation with a stranger.
15. Sticking to a task inspite of your failures.
16. Standing other's criticism calmly.
17. To be cautious while making decisions.
18. To have always a planned life.
19. Always keeping confidence in others.
20. Taking leading parts in social functions.
21. Like the idea of having a limited number of friends and associates.
22. Always take particular care of personal properties (watches, clothes etc.).
23. Always approaching others to make friendship with them.
24. Always be cautious about possible misfortunes.
25. Prefer thinking alone about a problem till it is solved.
26. Always like to plan about future work.
27. Changing your work from one type to another.
28. Analysing your thoughts and motives

Scanned with CamScanner

BLOCK B

| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 2☐ | 2☐ | 1☐ | 2☐ | 1☐ | 2☐ | 1☐ | 1☐ | 1☐ | 2☐ | 2☐ | 1☐ | 2☐ | 2☐ | 2☐ | 1☐ | 2☐ | ☐ | ☐ |
| 4☐ | 4☐ | 3☐ | 4☐ | 3☐ | 4☐ | 4☐ | 3☐ | 3☐ | 4☐ | 4☐ | 3☐ | 4☐ | 4☐ | 4☐ | 3☐ | 4☐ | ☐ | ☐ |
| 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | 5☐ | ☐ | ☐ |
| 3☐ | 3☐ | 4☐ | 3☐ | 4☐ | 3☐ | 3☐ | 4☐ | 4☐ | 3☐ | 3☐ | 4☐ | 3☐ | 3☐ | 3☐ | 4☐ | 3☐ | ☐ | ☐ |
| 1☐ | 1☐ | 2☐ | 1☐ | 2☐ | 1☐ | 1☐ | 2☐ | 2☐ | 1☐ | 1☐ | 2☐ | 1☐ | 1☐ | 1☐ | 2☐ | 1☐ | ☐ | ☐ |

## BLOCK - C

এখানে ক্রমিক সংখ্যা 29 থেকে 42 পর্যন্ত মোট 14 টি প্রশ্ন রাখা হয়েছে । প্রতিটি প্রশ্নে দুই ধরনের কার্যাবলি উল্লেখ করা হয়েছে । এর মধ্য থেকে একটি কার্যাবলি পছন্দ করে উত্তর নির্দেশিকা অনুযায়ী বক্সে টিক চিহ্ন দিতে হবে । প্রশ্নের নমুনা Do you prefer more to work alone than in groups ? প্রত্যেকটি প্রশ্নের সাপেক্ষে তিনটি করে উত্তর রাখা হয়েছে । ব্যক্তিকে তার পছন্দমতো একটি উত্তর বিবেচনা করে উত্তরপত্রে উল্লেখিত বক্সে টিক চিহ্ন দিতে হবে । এই তিনটি উত্তরের নমুনা উল্লেখ করা হল

1. If you agree with the preference given, put a tick in the box 1.
2. If you disagree with the preference given, put a tick in the box 2.
3. If you do not like any activities, put a tick in the box 3.

29. While doing a work, do you pay more attention to details than to important aspects only ?
30. Do you prefer more to work alone than in groups ?
31. Do you find more interest in spending time with books than with people ?

Scanned with CamScanner

## BLOCK C

| 29 | 30 | 31 | 32 | 33 | 34 | 35 | 36 | 37 | 38 | 39 | 40 | 41 | 42 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 1 | 2 | 2 | 2 | 2 | 1 | 1 | | |
| 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | | |
| 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 2 | 1 | 1 | 1 | 1 | 2 | 2 | | |

## BLOCK - D

এখানে ক্রমিক সংখ্যা 43 থেকে 56 পর্যন্ত মোট 14 টি বিবৃতি রাখা হয়েছে। বিবৃতিগুলি ব্যক্তির অনুভূতি বা কার্যাবলির সঙ্গে সম্পর্কিত। যেমন–– Checking and rechecking of Letters before mailing। ব্যক্তি তার উত্তর নির্দেশিকা অনুযায়ী উত্তরপত্রে টিক চিহ্নের মাধ্যমে নির্দিষ্ট করবে। এখানে উত্তরের জন্য তিনটি বিকল্প আছে। যেমন—

1. If it is true for you in most of the cases , put a tick in the box 1 .
2. If it is not true for you in most of the cases , put a tick in the box 2 .
3. If it is true for you in some of the cases , put a tick in the box 3 .

**43.** Checking and rechecking of letters before mailing.
**44.** Sitting alone for a long time without being tired.
**45.** Concealing your activities from others.
**46.** Feel disturbed to a great extent after doing something wrong.
**47.** Calling persons who cross streets to avoid meeting you.

## BLOCK D

| 43 | 44 | 45 | 46 | 47 | 48 | 49 | 50 | 51 | 52 | 53 | 54 | 55 | 56 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 2 | 2 | 2 | 2 | 1 | 1 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | 2 | | |
| 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | 3 | | |
| 1 | 1 | 1 | 1 | 2 | 2 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | | |

Scanned with CamScanner

এখানে ক্রমিক সংখ্যা 57 থেকে 70 পর্যন্ত মোট 14 টি প্রশ্ন রাখা হয়েছে। প্রশ্নগুলি ব্যক্তির কার্যাবলির সঙ্গে সম্পর্কিত। যেমন— Are you always conscientious in your activities ?

ব্যক্তি উত্তরের নির্দেশিকা অনুযায়ী উত্তরপত্রের বক্সে টিক চিহ্নের মাধ্যমে উত্তর নির্দেশ করবে। উত্তর দেওয়ার জন্য দুটি দিক আছে। এগুলি হল—

1. If it is applicable in your case , put a tick in the box marked ' Y '.
2. If it is not applicable in your case , put a tick in the box marked ' N '.

**57.** Are you always conscientious in your activities ?

**58.** Can you tolerate slight abnormality in health ?

**59.** Can you work better when you get incentives through other's praise ?

**60.** Do you dislike to write about yourself even to very close friends ?

**BLOCK E**

| 57 | 58 | 59 | 60 | 61 | 62 | 63 | 64 | 65 | 66 | 67 | 68 | 69 | 70 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| N☐ | Y☐ | N☐ | N☐ | N☐ | N☐ | Y☐ | N☐ | N☐ | Y☐ | Y☐ | N☐ | N☐ | Y☐ | ☐ | ☐ |
| Y☐ | N☐ | Y☐ | Y☐ | Y☐ | Y☐ | N☐ | Y☐ | Y☐ | N☐ | N☐ | Y☐ | Y☐ | N☐ | ☐ | ☐ |

C 0 1 2 3 4 5 6 7 8 9 10

TOTAL SCORE ☐

এই ইনভেন্টরিটি ভারতীয় আর্থসামাজিক পরিবেশে বিকাশসাধন করা হয়েছে । এই ইনভেন্টরি ব্যবহার করার মাধ্যমে প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের অন্তর্মুখী ও বহির্মুখী আচরণের মাত্রার একটি নির্ভরযোগ্য পরিমাপ পাওয়া যায় এবং এটি দুর্বলতা নির্ণয় , কেরিয়ার গাইডেন্স, নির্বাচন ইত্যাদি ক্ষেত্রেও ব্যবহৃত হয় । এই ইনভেন্টরিটি মোট 70 টি পদ নিয়ে গঠিত হয়েছে । এই পদের মধ্যে কিছু পদ আছে যেগুলি অসম সংখ্যক প্রতিক্রিয়ার সঙ্গে যুক্ত এবং এগুলি পাঁচটি ব্লকে রাখা হয়েছে । ব্যক্তিদের ভ্রান্ত প্রতিক্রিয়া , উত্তরের অসংলগ্ন নির্বাচন কমানোর জন্য এই ব্যবস্থা । কিছু ব্যক্তি আছে যাদের শুধুমাত্র উত্তর পত্রে দেওয়া প্রতিক্রিয়াগুলির মধ্যে মধ্যবর্তী প্রতিক্রিয়াগুলি চিহ্নিত করার প্রবণতা দেখা যায় । এই কারণে গবেষক উত্তরের নির্দেশিকা গঠন করার সময় কোনো নির্দিষ্ট প্যাটার্ন অনুসরণ করেননি । এর মাধ্যমে ব্যক্তির প্রতিক্রিয়াগুলি নিয়ন্ত্রণ করা হয়েছিল । ব্যক্তির ব্যক্তিত্বের বিশেষ ধরনের আচরণ যা তার ব্যক্তিত্বের অভ্যন্তরীণ ও বাহ্যিক মাত্রার প্রকাশ ঘটায় সেই ধরনের পদ এখানে অন্তর্ভুক্ত করা হয়েছিল । নিম্নে টেবিলের মাধ্যমে বিষয়টি দেখানো হল—

| Block | No. of Items | No. of Response Choice |
|---|---|---|
| A | 11 | 4 |
| B | 17 | 5 |
| C | 14 | 3 |
| D | 14 | 3 |
| E | 14 | 2 |

স্কোরিং ( Scoring ):

ব্যক্তির প্রতিক্রিয়ার মাত্রা নির্ধারণ করার জন্য একটি স্কোরিং প্যাটার্ন তৈরি করা হয়েছে । এই স্কোরিং প্যাটার্নটি মনোবিজ্ঞানী , মনশ্চিকিৎসক এবং মনোরোগ বিশেষজ্ঞদের বিচার - বিবেচনার মাধ্যমে তৈরি করা হয়েছে । উচ্চমাত্রার স্কোরিং ব্যক্তির অভ্যন্তরীণ আচরণকে প্রকাশ করে ।

Scanned with CamScanner

1. Count the tick (_/) marks in each row in each block and enter the figure under the column T against the respective row.

2. Multiply these totals (T s) in the following order:

| | |
|---|---|
| Block A: | First row total x 1 |
| | Second row total x 2 |
| | Third row total x 3 |
| | Fourth row total x 4 |
| Block B: | First row total x 1 |
| | Second row total x 2 |
| | Third row total x 3 |
| | Fourth row total x 4 |
| | Fifth row total x 5 |
| Block C | First row total x 1 |
| | Second row total x 2 |
| | Third row total x 3 |
| Block D | First row total x 1 |
| | Second row total x 2 |
| | Third row total x 3 |
| Block E: | First row total x 1 |
| | Second row total x 2 |

Scanned with CamScanner

## BLOCK A

| | 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 2 | 1 | 1 ✓ | 4 | 1 | 4 | 1 | 1 ✓ | 1 | 4 | 4 | 2 | 2 |
| | 3 ✓ | 2 | 2 | 3 | 1 | 3 | 2 ✓ | 2 | 2 | 3 ✓ | 3 | 3 | 6 |
| | 4 | 4 | 2 | 2 ✓ | 3 ✓ | 1 | 3 | 3 | 3 | 2 | 2 ✓ | 3 | 9 |
| | 1 | 3 ✓ | 4 | 1 | 4 | 1 ✓ | 4 | 4 | 4 ✓ | 1 | 1 | 3 | 12 |

## BLOCK B

| | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 3 | 2 | 1 | 2 | 1 | 2 ✓ | 3 | 1 ✓ | 1 | 1 | 2 | 1 | 2 ✓ | 2 | 2 | 1 | 2 | 3 | 3 |
| | 4 | 4 ✓ | 3 | 4 ✓ | 3 | 4 | 4 | 3 | 3 | 4 | 4 ✓ | 3 | 4 | 4 | 4 ✓ | 3 | 4 | 4 | 8 |
| | 5 ✓ | 5 | 5 | 5 | 5 | 5 | 5 | 6 | 5 ✓ | 5 | 5 | 5 | 6 | 6 | 5 | 5 | 5 | 2 | 6 |
| | 3 | 3 | 4 ✓ | 3 | 4 | 3 | 3 ✓ | 4 | 4 | 3 ✓ | 3 | 4 ✓ | 3 | 3 | 3 | 4 ✓ | 3 | 5 | 20 |
| | 1 | 1 | 2 | 1 | 2 ✓ | 1 | 1 | 2 | 2 | 1 | 1 | 2 | 1 | 1 ✓ | 1 | 2 | 1 ✓ | 3 | 15 |

## BLOCK C

| | 29 | 30 | 31 | 32 | 33 | 34 | 35 | 36 | 37 | 38 | 39 | 40 | 41 | 42 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 2 ✓ | 2 | 2 | 2 ✓ | 2 | 2 | 2 ✓ | 1 | 3 ✓ | 2 | 2 | 2 ✓ | 1 ✓ | 1 | 6 | 6 |
| | 3 | 3 ✓ | 3 ✓ | 3 | 3 | 3 ✓ | 1 | 3 | 3 | 1 ✓ | 3 | 3 | 3 | 3 ✓ | 5 | 10 |
| | 1 | 1 | 1 | 1 | 1 ✓ | 1 | 1 | 2 ✓ | 1 | 1 | 1 ✓ | 1 | 1 | 1 | 3 | 9 |

## BLOCK D

| | 43 | 44 | 45 | 46 | 47 | 48 | 49 | 50 | 51 | 52 | 53 | 54 | 55 | 56 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 2 | 2 | 2 ✓ | 2 | 1 | 1 ✓ | 2 | 2 | 2 ✓ | 2 ✓ | 2 | 2 | 2 | 2 | 4 | 4 |
| | 3 ✓ | 3 ✓ | 3 | 3 ✓ | 3 | 3 | 3 | 3 ✓ | 3 | 3 | 3 ✓ | 3 | 3 ✓ | 3 ✓ | 7 | 14 |
| | 1 | 1 | 1 | 1 | 2 ✓ | 2 | 1 ✓ | 1 | 1 | 1 | 1 | 1 ✓ | 1 | 1 | 3 | 9 |

## BLOCK E

| | 57 | 58 | 59 | 60 | 61 | 62 | 63 | 64 | 65 | 66 | 67 | 68 | 69 | 70 | T | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | N ✓ | Y | N | N | N ✓ | N | Y | N ✓ | N | Y ✓ | Y ✓ | N | N ✓ | Y ✓ | 7 | 7 |
| | Y | N ✓ | Y ✓ | Y ✓ | Y | Y ✓ | N ✓ | Y | Y ✓ | N | N | Y ✓ | Y | N | 7 | 14 |

| TOTAL SCORE | |
|---|---|
| 70 | 154 |

C: 0 1 2 3 4 (5) 6 7 8 9 10

Scanned with CamScanner

স্কেল অনুযায়ী শিক্ষার্থীদের প্রাপ্ত কাঁচা স্কোরের শ্রেণিবিভাগ এবং এই স্কোরের ভিত্তিতে কোন শিক্ষার্থী কি ধরনের ব্যক্তিত্বের অধিকারীর মধ্যে আসবে তা নিম্নে দেখানো হল—

Range of raw scores against corresponding C-scale points

| C scale point | Raw score range | Classification |
|---|---|---|
| 0 | 75 and below | Extremely Extravert |
| 1 | 76-89 | Grossly Extravert |
| 2 | 90-112 | Moderately Extravert |
| 3 | 113-130 | Slightly Extravert |
| 4 | 131-144 | |
| 5 | 145-157 | Ambivert |
| 6 | 158-171 | |
| 7 | 172-185 | Slightly Introvert |
| 8 | 186-199 | Moderately Introvert |
| 9 | 200-228 | Grossly Introvert |
| 10 | 229 and above | Extremely Introvert |

নমুনা দল ( Sample ):

এই ইনভেন্টরিটি তৈরি করার জন্য গবেষক বিভিন্ন মহাবিদ্যালয়ের স্নাতক স্তরের ( কলা ও বিজ্ঞান বিভাগের প্রথম বছরের শিক্ষার্থী ) মোট 318 জন শিক্ষার্থীদের বেছে নিয়েছিলেন । এরমধ্যে 153 জন ছিল পুরুষ শিক্ষার্থী এবং 165 জন ছিল মহিলা শিক্ষার্থী । তবে কোনো ব্যক্তি যদি তার গবেষণার জন্য এই ইনভেন্টরিটি ব্যবহার করতে চান তবে সেক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাস করা শিক্ষার্থীদের উপর প্রয়োগ করতে পারেন । অর্থাৎ যে ব্যক্তির উপর এই ইনভেন্টরিটি প্রয়োগ করা হবে তার ন্যূনতম যোগ্যতা হতে হবে উচ্চমাধ্যমিক পাস ।

নর্ম ( Norms ):

এই ইনভেন্টরিতে মোট 70 টি পদ ব্যবহার করা হয়েছে । স্কোরিং নীতি অনুযায়ী এই 70 টি পদের সর্বোচ্চ স্কোর হবে 241 এবং সর্বনিম্ন স্কোর হবে 70।

Scanned with CamScanner

পরবর্তীকালে বহু গবেষণার কাজে এই ইনভেন্টরিটি ব্যবহার করা হয়েছে এবং শিক্ষাক্ষেত্রে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগ্রহণ করার ক্ষেত্রে এই ইনভেন্টরিটিকে ব্যবহার করা হয়েছে ।

কুণ্ডুর ইন্ট্রোভারশন - এক্সট্রোভারশনইনভেন্টরি ( Kundu's Introversion Extroversion Inventory )

সমস্যাঃ

মূল ধারণাঃ

Introversion - Extroversion- এর সংজ্ঞা এবং ব্যক্তিত্বের Big Five Factor মডেল অনুযায়ী Extroversion যে একটি বৃহৎ সংলক্ষণ সেটি লিখতে হবে

অভীক্ষার বর্ণনাঃ

অভীক্ষার্থীর প্রতি নির্দেশঃ

অভীক্ষাপত্রে মুদ্রিত নির্দেশ অনুযায়ী লিখতে হবে

প্রারম্ভিক তথ্যঃ

প্রয়োজনীয় উপকরণঃ

Scanned with CamScanner

পরীক্ষা পদ্ধতিঃ

Statements:

Scoring:

অভীক্ষার মানঃ

ফলাফলঃ

সিদ্ধান্ত (Conclusion):

ব্যাখ্যাঃ

অভীক্ষার্থী যে শ্রেণিভুক্ততদনুযায়ী তার সম্ভাব্য আচরণ ( অন্তর্মুখিতা - বহুমুখিতার পরিপ্রেক্ষিতে ) লিখতে হবে ।

Scanned with CamScanner